পশ্চিমবঙ্গ সরকার

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**

এইচসি-৭, বিধাননগর, সেক্টর-৩, কলকাতা ৭০০১০৬

**স্মারক সংখ্যা : ১৫৭/এসএস/পিএন/ও/১/৪এ-০১/২০১৫** **তারিখ : ১৮/০২/২০১৬**

## আদেশনামা

**(১)** পশ্চিমবঙ্গের গ্রামীণ এলাকার নিরাপদ পানীয় জল সরবরাহের উদ্দেশ্যে জনস্বাস্থ্য কারিগরি বিভাগ কর্তৃক যে সকল নলবাহিত জল সরবরাহ প্রকল্প সহ অন্যান্য প্রকল্প রূপায়িত হয়েছে এবং কার্যকর অবস্থায় রয়েছে, বিকেন্দ্রীকৃত ও সুষ্ঠুভাবে পরিষেবা প্রদানের উদ্দেশ্যে সেই সকল প্রকল্পের ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের উপর ন্যস্ত করার বিষয়টি বহুদিন ধরে রাজ্য সরকারের বিবেচনাধীন রয়েছে । এই বিষয়ে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন এবং জনস্বাস্থ্য কারিগরি - এই দুই বিভাগের মধ্যে বিশদ আলোচনা ও মত-বিনিময় এবং সংশ্লিষ্ট সকল দিক খতিয়ে দেখার পর রাজ্যপালের আদেশ অনুসারে নীচে উল্লিখিত সিদ্ধান্তগুলি সকল গ্রাম পঞ্চায়েত এলাকায় কার্যকর করার জন্য এই আদেশনামা জারি করা হল ।

**(২)** এখন থেকে আবশ্যিক পরিষেবা হিসেবে জনসাধারণের জন্য নিরাপদ পানীয় জল সরবরাহের দায়িত্ব নিজ এলাকায় সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত পালন করবে । এই উদ্দেশ্যে গ্রাম পঞ্চায়েত সাধারণত যে সকল সম্পদের সদ্ব্যবহার করে থাকে এবং আরও পরিকল্পিত ও সুসংহতভাবে করতে পারবে তার মধ্যে আছে :

- **(ক)** গ্রাম পঞ্চায়েতের নিজস্ব সম্পদ;
- (খ) কেন্দ্রীয় অর্থ কমিশনের সুপারিশ বাবদ বরাদ্দ;
- **(গ)** রাজ্য অর্থ কমিশনের সুপারিশ বাবদ বরাদ্দ;
- **(ঘ)** আইএস.জি.পি. প্রকল্পের বরাদ্দ (যেখানে এই প্রকল্প চালু আছে);
- **(ঙ)** জনসাধারণের নিকট থেকে প্রাপ্ত অনুদান;
- **(চ)** অন্যান্য উৎস থেকে প্রাপ্ত সম্পদ ।

**(৩)** এই সকল সম্পদের সঙ্গে যুক্ত হবে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের অনুদান । এখন থেকে জনসাধারণের জন্য নিরাপদ পানীয় জল সরবরাহের উদ্দেশ্যে প্রদেয় আর্থিক বরাদ্দ জনস্বাস্থ্য কারিগরি বিভাগের পক্ষ থেকে, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের সহায়তায়, সরাসরি গ্রাম পঞ্চায়েতগুলির অনুকূলে প্রদান করা হবে । গ্রাম পঞ্চায়েত এই বাবদ প্রাপ্ত অর্থ এই উদ্দেশ্যে প্রযোজ্য যাবতীয় নিয়মনীতি অনুসরণ করে গ্রামীণ জল ও স্বাস্থ্যবিধান কমিটি (Village Water & Sanitation Committee বা VWSC)-র সহায়তায় সদ্ব্যবহার করবে ।

**(৪)** জনসাধারণের জন্য নিরাপদ পানীয় জল সরবরাহের উদ্দেশ্যে এখন থেকে সর্বসাধারণের ব্যবহার্য নলকূপ স্থাপন করা, নলকূপ মেরামত ও/বা রক্ষণাবেক্ষণ করা, নলকূপের চাতাল তৈরি/মেরামত ইত্যাদি কাজ সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতই সম্পাদন করবে । যাতে গ্রাম পঞ্চায়েতগুলি এই কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে পারে, সেই উদ্দেশ্যে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের পক্ষ থেকে এবং পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের পক্ষ থেকে গ্রাম পঞ্চায়েতগুলিকে প্রয়োজনীয় সহায়তা দিতে হবে ।

**(৫)** যে সব এলাকায় রিগ-বোর প্রযুক্তির মাধ্যমে ছাড়া নলকূপ বসানোর কাজ করা যায় না, সেই সব এলাকায় রিগ-বোর প্রযুক্তির মাধ্যমে নতুন নলকূপ স্থাপন করার কাজ জনস্বাস্থ্য কারিগরি বিভাগের স্থানীয় প্রযুক্তিবিদদের কারিগরি সহায়তায় অথবা এজেন্সি নিয়োগ করে গ্রাম পঞ্চায়েতকেই নিজ উদ্যোগে, ব্যয়ে, ব্যবস্থাপনায় ও তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে । বলা বাহুল্য, এই কাজের জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশ গ্রাম পঞ্চায়েতকেই কিনতে হবে এবং মজুরি বাবদ ব্যয়ও গ্রাম পঞ্চায়েতকেই মেটাতে হবে । আর একটি ভিন্ন পদ্ধতিতে এই কাজ গ্রাম পঞ্চায়েত রূপায়ণ করতে পারে : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের স্থানীয় অফিসকে গ্রাম পঞ্চায়েত এই কাজের জন্য বরাত দিলে এবং তার জন্য জনস্বাস্থ্য কারিগরি বিভাগের উক্ত স্থানীয় অফিসের অনুকূলে প্রয়োজনীয় প্রকল্প ব্যয়

অগ্রিম বরাদ্দ করে দিলে deposit work হিসাবে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের স্থানীয় অফিস ওই কাজ রূপায়ণ করে দেবে । যাই হোক, যাতে গ্রাম পঞ্চায়েতগুলি এই কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে পারে, সেই উদ্দেশ্যে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের পক্ষ থেকে এবং পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের পক্ষ থেকে গ্রাম পঞ্চায়েতগুলিকে প্রয়োজনীয় সহায়তা দিতে হবে ।

(৬) জনস্বাস্থ্য কারিগরি বিভাগ কর্তৃক গ্রামীণ এলাকায় এ পর্যন্ত যে সকল নলবাহিত জল সরবরাহ প্রকল্প রূপায়ণ করা হয়েছে, তাদের মধ্যে যেগুলি **একটিমাত্র গ্রাম পঞ্চায়েত এলাকায়** পানীয় জল সরবরাহ করে থাকে, এখন থেকে সেই সব নলবাহিত জল সরবরাহ প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা, তদারকি ও তত্ত্বাবধানের পূর্ণাঙ্গ দায়িত্ব সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের উপর ন্যস্ত করা হল । এই ধরনের নলবাহিত জল সরবরাহ প্রকল্পের পরিচালনা - যেমন নলকূপ মেরামত, নলকূপের দৈনন্দিন ব্যবস্থাপনা, বিদ্যুৎ সরবরাহ বাবদ ব্যয় নির্বাহ করা, জলাধারে জল উত্তোলন, বিতরণ এবং পাম্প-মোটরের রক্ষণাবেক্ষণ, পাইপলাইনে জলের যোগান অব্যাহত রাখা, জলের গুণগত মান বজায় রাখা, জনস্বাস্থ্য কারিগরি বিভাগের সঙ্গে পরামর্শ করে এবং পরিকাঠামোর সঙ্গে সাযুজ্য রেখে বাড়িতে বাড়িতে জলের সংযোগ দেওয়া, পাইপলাইন মেরামত করা, জলের অপচয়/বা অপব্যবহার বন্ধ করা, জনসাধারণের কাছ থেকে অবদান সংগ্রহ করা (গ্রামীণ জল ও স্বাস্থ্যবিধান কমিটির মাধ্যমে) এবং এলাকায় পানীয় জল সরবরাহ সংক্রান্ত কোনও সমস্যা হলে তা সমাধান করা ইত্যাদি যাবতীয় কাজ গ্রাম পঞ্চায়েতকে সম্পাদন করতে হবে । এই আদেশনামায় বর্ণিত সম্পদের সদ্ব্যবহার করে, বিশেষত চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশ বাবদ প্রাপ্ত তহবিল থেকে, গ্রাম পঞ্চায়েত এই সংক্রান্ত যাবতীয় ব্যয় নির্বাহ করবে । যাতে গ্রাম পঞ্চায়েতগুলি এই কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে পারে, সেই উদ্দেশ্যে জনস্বাস্থ্য কারিগরি বিভাগ, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের পক্ষ থেকে গ্রাম পঞ্চায়েতগুলিকে প্রয়োজনীয় সহায়তা দিতে হবে ।

(৭) জনস্বাস্থ্য কারিগরি বিভাগ কর্তৃক গ্রামীণ এলাকায় এ পর্যন্ত যে সকল নলবাহিত জল সরবরাহ প্রকল্প রূপায়ণ করা হয়েছে, তাদের মধ্যে যেগুলি **একাধিক গ্রাম পঞ্চায়েত এলাকায়** পানীয় জল সরবরাহ করে থাকে, এখন থেকে সেই সব নলবাহিত জল সরবরাহ প্রকল্পের অন্তর্ভুক্ত **পানীয় জল সরবরাহ অংশটির ব্যবস্থাপনা, তদারকি ও তত্ত্বাবধানের দায়িত্ব** সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের উপর ন্যস্ত করা হল । এই পানীয় জল সরবরাহ সংক্রান্ত কাজটির সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশগুলি হল - জনস্বাস্থ্য কারিগরি বিভাগের সঙ্গে পরামর্শ করে পরিকাঠামোর সঙ্গে সাযুজ্য রেখে এবং উক্ত বিভাগের সঙ্গে সমন্বয় বজায় রেখে বাড়িতে বাড়িতে জলের সংযোগ দেওয়া, পাইপলাইন মেরামত করা, জলের অপচয়/বা অপব্যবহার বন্ধ করা, জনসাধারণের কাছ থেকে অবদান সংগ্রহ করা (গ্রামীণ জল ও স্বাস্থ্যবিধান কমিটির মাধ্যমে), জলের গুণগত মান বজায় রাখা এবং এলাকায় পানীয় জল সরবরাহ সংক্রান্ত কোনও সমস্যা হলে তা সমাধান করা । অবশ্য এই ধরনের নলবাহিত জল সরবরাহ প্রকল্প পরিচালনার যাবতীয় প্রাথমিক কাজ যেমন নলকূপ মেরামত, নলকূপের দৈনন্দিন ব্যবস্থাপনা, বিদ্যুৎ সরবরাহ বাবদ ব্যয় নির্বাহ করা, জলাধারে জল উত্তোলন, বিতরণ এবং পাম্প-মোটরের রক্ষণাবেক্ষণ, প্রধান পাইপলাইনে জলের যোগান অব্যাহত রাখা ইত্যাদি কাজ জনস্বাস্থ্য কারিগরি বিভাগ সম্পাদন করবে ।

(৮) এই আদেশনামার (৫) নং অনুচ্ছেদে যে পদ্ধতিতে deposit work হিসাবে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের স্থানীয় অফিসকে কাজের জন্য বরাত দিয়ে এবং তার জন্য উক্ত অফিসের অনুকূলে প্রয়োজনীয় প্রকল্প-ব্যয় অগ্রিম বরাদ্দ করে দিয়ে প্রকল্প রূপায়ণের কথা বলা হয়েছে, গ্রাম পঞ্চায়েত কর্তৃক পরিচালিত পানীয় জল সরবরাহ সংক্রান্ত যে কোনও কাজের জন্যই গ্রাম পঞ্চায়েত জনস্বাস্থ্য কারিগরি বিভাগের স্থানীয় অফিসকে কাজের জন্য বরাত দিলে এবং তার জন্য উক্ত অফিসের অনুকূলে প্রয়োজনীয় প্রকল্প-ব্যয় অগ্রিম বরাদ্দ করে দিলে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের স্থানীয় অফিস deposit work হিসাবে সেই প্রকল্প রূপায়ণ করে দেবে ।

(৯) কোনও কোনও জেলায় জনস্বাস্থ্য কারিগরি বিভাগ কর্তৃক রূপায়িত কোনও কোনও নলবাহিত জল সরবরাহ প্রকল্পের তদারকি, তত্ত্বাবধান ও ব্যবস্থাপনা জেলা পরিষদ বা পঞ্চায়েত সমিতির উপর ন্যস্ত আছে । পুনরায় আদেশ জারি না করা পর্যন্ত এই ব্যবস্থা চালু থাকবে ।

**(১০)** এখন থেকে গ্রামীণ এলাকায় জনস্বাস্থ্য কারিগরি বিভাগ কর্তৃক কোনও নতুন নলবাহিত জল সরবরাহ প্রকল্প রূপায়ণ করা হলে সেই প্রকল্পের ব্যবস্থাপনা, তদারকি ও তত্ত্বাবধানের কাজ উপরে বর্ণিত নীতি অনুযায়ী কার্যকর হবে ।

**(১১)** ইতোমধ্যেই জেলা স্তরে যে District Water & Sanitation Mission (DWSM) কার্যকর আছে, এই পরিবর্তিত ব্যবস্থার সুষ্ঠু রূপায়ণের উদ্দেশ্যে জেলা স্তরে সমন্বয়, তদারকি ও তত্ত্বাবধানের যাবতীয় কাজ এই DWSM-এর উপর ন্যস্ত করা হল ।

**(১২)** এই মর্মে নির্দেশ জারি করা হল যে, সারা রাজ্যে উপরে বর্ণিত ব্যবস্থা অবিলম্বে চালু করতে হবে ।

রাজ্যপালের আদেশ অনুসারে,

Chandan Mukh 18/2/16

**প্রধান সচিব**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ এবং**
**জনস্বাস্থ্য কারিগরি বিভাগ**

**স্মারক সংখ্যা : ১৫৭/ ১(৪০০০)/এসএস/পিএন/ও/ ১/ ৪এ-০১/২০১৫** **তারিখ : ১৮/০২/২০১৬**

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এই পত্রের অনুলিপি দেওয়া হল :

(১) সভাধিপতি, .................................................. জেলা পরিষদ (সকল)/শিলিগুড়ি মহকুমা পরিষদ
(২) জেলা শাসক, .................................................. (সকল)
(৩) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, .................................................. জেলা পরিষদ (সকল)/শিলিগুড়ি মহকুমা পরিষদ/অতিরিক্ত জেলা শাসক (পঞ্চায়েত বিষয়ক) .................................................. জেলা
(৪) শ্রীমতী / শ্রী ..................................................

.................................................. (জনস্বাস্থ্য কারিগরি বিভাগের সংশ্লিষ্ট আধিকারিক)

(৫) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, .................................................. (সকল)
***(এই পত্রের প্রতিলিপি জেলার অন্তর্ভুক্ত সকল পঞ্চায়েত সমিতির সভাপতি এবং সকল সমষ্টি উন্নয়ন আধিকারিকের নিকট পাঠানোর জন্য অনুরোধ জানাই ।)***

(৬) সভাপতি, .................................................. পঞ্চায়েত সমিতি (সকল)
(৭) সমষ্টি উন্নয়ন আধিকারিক, .................................................. (সকল)
***(এই পত্রের প্রতিলিপি ব্লকের অন্তর্ভুক্ত সকল গ্রাম পঞ্চায়েতের প্রধানের নিকট পাঠানোর জন্য অনুরোধ জানাই ।)***

(৮) প্রধান, .................................................. গ্রাম পঞ্চায়েত (সকল)

Chandan Mukh 18/2/16

**প্রধান সচিব**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ এবং**
**জনস্বাস্থ্য কারিগরি বিভাগ**